রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ১২, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১২ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.১০৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)'** নিম্নরূপে পুনর্গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

(১) জনাব তারেক রহমান — সভাপতি
প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(২) মির্জা ফখরুল ইসলাম আলমগীর — বিকল্প সভাপতি
মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৩) জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী — সদস্য
মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়

(৪) জনাব সালাহউদ্দিন আহমদ — সদস্য
মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৫) জনাব ইকবাল হাসান মাহমুদ — সদস্য
মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

(৬) ড. খলিলুর রহমান — সদস্য
মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়



মূল্য : টাকা ৪.০০

(৭) খন্দকার আব্দুল মুক্তাদির — সদস্য
মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়

(৮) জনাব মোঃ আসাদুজ্জামান — সদস্য
মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৯) সরদার মোঃ সাখাওয়াত হোসেন — সদস্য
মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(১০) শেখ রবিউল আলম — সদস্য
মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়

(১১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী — সদস্য

(১২) জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর — সদস্য।
উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৬) সচিব, পরিকল্পনা বিভাগ

(৭) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

(৮-১৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ

(১৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) এবং টেকনিক্যাল এসিস্ট্যান্স প্রজেক্ট প্রপোজাল (টিএপিপি)/ টেকনিক্যাল প্রজেক্ট প্রপোজাল (টিপিপি) বিবেচনা ও অনুমোদন;

(২) সরকারি খাতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;

(৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;

(৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা; এবং

(৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

১.৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। মন্ত্রিপরিষদ বিভাগের ০১ এপ্রিল ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৬৭ স্মারকের অনুবৃত্তিক্রমে প্রজ্ঞাপন জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd